অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল গ্রো-NY খাদ্য ও কৃষি ব্যবসা প্রতিযোগিতার চতুর্থ রাউন্ড বিজয়ীদের ঘোষণা করলেন

অস্ট্রেলিয়ান ফার্ম প্রোঅ্যাগ্নি 1 মিলিয়ন মার্কিন ডলার প্রথম পুরস্কার পেয়েছে

সিরাকিউজে দুই দিনব্যাপী সশরীরে এবং ভার্চ্যুয়াল পিচ প্রতিযোগিতার পরে আটটি স্টার্টআপকে 3 মিলিয়ন মার্কিন ডলার পুরস্কার প্রদান করা হয়েছে

প্রতিযোগিতার তহবিল প্রদান করা হয়েছে আপস্টেট পুনরুজ্জীবন উদ্যোগসমূহের মাধ্যমে: CNY রাইজিং, ফিঙ্গার লেকস ফরোয়ার্ড এবং সাউদার্ন টিয়ার সোরিং - যা হলো আঞ্চলিক সার্বিক অর্থনৈতিক বিকাশ কৌশলসমূহ

বিজয়ী দলের ছবি দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে অস্ট্রেলিয়ার ল্যাভিংটনের প্রোঅ্যাগ্নির (ProAgni) গ্রো-NY (Grow-NY) ব্যবসা প্রতিযোগিতার 1 মিলিয়ন মার্কিন ডলার প্রথম পুরস্কারের বিজয়ী হয়েছে, এটি একটি খাদ্য ও কৃষি স্টার্টআপ চ্যালেঞ্জ যার কেন্দ্রীয় উদ্দেশ্য হলো সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central New York, CNY) , ফিঙ্গার লেকস, এবং সাউদার্ন টিয়ারের উদীয়মান খাদ্য, পানীয়, এবং কৃষি উদ্ভাবন ক্লাস্টারকে উন্নত করা। বর্তমানে এর চতুর্থ বছরে থাকা কর্মসূচিটি আরেকবার পুরো বিশ্বের অসাধারণ স্টার্টআপসমূহকে এবং উদ্যোক্তা প্রতিভাকে আকৃষ্ট করেছে এর ব্যবসা বিকাশ অ্যাক্সিলারেটরে এবং গ্রো-NY সামিটের দুই দিনব্যাপী পিচ প্রতিযোগিতায় প্রতিযোগী হওয়ার জন্য।প্রোঅ্যাগ্নি পুরস্কারের টাকা পাওয়া আটটি ফাইনালিস্টদের মধ্যে একটি। বিজয়ী দলগুলিকে অবশ্যই কমপক্ষে এক বছরের জন্য সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, বা সাউদার্ন টিয়ার অঞ্চলে কর্মকাণ্ড পরিচালনা করতে হবে, এবং সেই সাথে গ্রো-NY-কে তাদের এনটিটিতে একটি ক্ষুদ্র ইক্যুইটি বিনিয়োগ স্টেক প্রদান করতে হবে। প্রতিযোগিতার তহবিল, যা কর্নেল ইউনিভার্সিটির (Cornell University) আঞ্চলিক অর্থনৈতিক অগ্রগতি কেন্দ্র (Center for Regional Economic Advancement) দ্বারা পরিচালিত হবে, প্রদান করা হচ্ছে আপস্টেট পুনরুজ্জীবন উদ্যোগের (Upstate Revitalization Initiative) মাধ্যমে।

"অভিনন্দন সকল অগ্রগামী চিন্তার উদ্যোক্তাদের যারা গ্রো-NY প্রতিযোগিতার চতুর্থ রাউন্ডে অংশ নিয়েছে," **গভর্নর হোকল বলেন।** "এই প্রতিযোগিতা এই কোম্পানিগুলিকে শুধু উদ্ভাবন

অব্যাহত রাখতে সাহায্য করবে না, বরং এটি আমাদের বৈশ্বিকভাবে সুপরিচিত খাদ্য ও কৃষি শিল্পখাতের প্রতি আরো বিশ্বব্যাপী আকর্ষণ সৃষ্টি করে নিউ ইয়র্ক স্টেটের আঞ্চলিক অর্থনীতিসমূহকে আরো সমর্থন করবে। নিউ ইয়র্ক অত্যাধুনিক অবস্থা ধরে রেখেছে, আমি আজকের বিজয়ীরা পুরো নিউ ইয়র্ক স্টেটে যেইসব উদ্যোগ গ্রহণ করবে তা দেখার জন্য উন্মুখ।"

প্রোঅ্যাগ্নির প্রোটেকট (ProTect) পশুসম্পত্তির জন্য একটি বিপ্লবী সাপ্লিমেন্ট ও খাবারের ব্যাপ্তি যা ভেড়া ও গবাদি পশুর মিথেন নিঃসরণ হ্রাস করে অ্যান্টিবায়োটিক ব্যবহার না করেই, যার ফলে ব্যয় বৃদ্ধি না করে একজন উৎপাদনকারীর পরিবেশে পদচিহ্ন হ্রাস করে।

প্রোঅ্যাগ্নির প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সহপ্রতিষ্ঠাতা ল্যাকলান ক্যাম্পবেল বলেন, "আমরা গ্রো-NY বিজয়ীদের দুর্দান্ত তালিকায় যোগ দিতে পেরে সম্মানিত, এবং নিউ ইয়র্ক স্টেট, গ্রো-NY, এবং খাদ্য ও কৃষির এক্সিলেন্স কেন্দ্রের (enter of Excellence for Food and Agriculture) প্রতি তাদের সমর্থনের জন্য কৃতজ্ঞ। আমরা আমাদের মিশন সম্প্রসারিত করে পশুসম্পত্তির জন্য মিথেন নিঃসরণ হ্রাসকারী সাপ্লিমেন্ট ও খাদ্য বিপ্লব তৈরি করতে চাই আপস্টেট নিউ ইয়র্কে এবং এই পুরস্কারের অর্থ আমাদেরকে আরো বড় প্রভাব ফেলতে দিবে। আমাদের পুরো কর্মসূচির অভিজ্ঞতা দারুণ, আমাদের মেন্টর ব্র্যাড গোলথ্রোপ যেই নির্দেশনা ও সংযোগ প্রদান করেছেন তা থেকে শুরু করে আমরা যেই সব আঞ্চলিক অংশীদারদের সাথে দেখা করতে পেরেছি, এবং আমাদের প্রতিযোগীদের পর্যন্ত, যাদের অত্যাধুনিক কাজ ও পিচ সত্যিই অনুপ্রেরণাদায়ক ছিলো।"

সব মিলিয়ে, 52টি দেশ থেকে 390টি স্টার্টআপ আবেদন করেছে, যাদের মধ্যে সিঙ্গাপুর, অস্ট্রেলিয়া এবং শ্রীলঙ্কা রয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রে, 25টি স্টেটের প্রতিনিধি এসেছে, যার মধ্যে 92টি দল এসেছে নিউ ইয়র্ক থেকে। 38 শতাংশ আবেদনকারীদের মধ্যে একজন নারী প্রতিষ্ঠাতা ছিলো এবং রেকর্ড 75 শতাংশে একটি কম প্রতিনিধিত্ব পাওয়া সংখ্যালঘু গোষ্ঠীর প্রতিষ্ঠাতা ছিলো। 20টি চূড়ান্ত প্রতিযোগী প্রতিযোগিতার আগে দিয়ে বাছাইকৃত শীর্ষ আঞ্চলিক ব্যবসা উপদেষ্টাদের থেকে নিবেদিত উপদেশ ও শিক্ষা লাভ করেছে। যারা বিজয়ী হিসেবে নির্বাচিত হয়েছে তারা এখন অবিলম্বে নিউ ইয়র্ক স্টেটে তাদের ব্যবসা পরিকল্পনা বাস্তবায়নের কাজ শুরু করবে, এই প্রতিযোগিতায় তারা যাদের সাথে সংযুক্ত হয়েছে এবং যেই আঞ্চলিক জ্ঞান লাভ করেছে তা ব্যবহার করে।

চতুর্থ বার্ষিক গ্রো-NY সামিটের জন্য 1,200-র বেশি মানুষ নিবন্ধন করেছে। 20 ফাইনালিস্ট ছয় বিচারকের একটি প্যানেলের সামনে বহু প্রতীক্ষিত ব্যবসা পিচ প্রদান করে, প্যানেলটি কৃষি, খাদ্য উৎপাদন, ভেঞ্চার বিকাশ অভিজ্ঞতাকে গভীর ও প্রশস্তভাবে প্রতিনিধিত্ব করে এবং তারা প্রতিটি পিচ শুনেছে এবং অনুসন্ধানী প্রশ্ন করেছে শীর্ষ বিজয়ীদের নির্ণয় নিয়ে বিবেচনা করার পূর্বে। সামিটটি পুরস্কার প্রদানের মাধ্যমে শেষ হয়, যেখানে 2021 গ্রো-NY এর 1 মিলিয়ন মার্কিন ডলার প্রথম পুরস্কার বিজয়ী এভরি বডি ইটের (Every Body Eat) প্রধান নির্বাহী কর্মকর্তা ও সহপ্রতিষ্ঠাতা, ট্রিস টমাস 250,000 মার্কিন ডলারের চারজন বিজয়ীর নাম ঘোষণা করেন এবং কমিশনার রিচার্ড বল দুইজন 500,000 মার্কিন ডলার প্রাপক এবং 1 মিলিয়ন মার্কিন ডলার বিজয়ীর নাম প্রকাশ করেন।

কৃষি ও বাজার বিভাগের (Department of Agriculture and Markets) কমিশনার রিচার্ড এ. বল বলেন, "গ্রো-NY নিউ ইয়র্কের সেরা বার্ষিক ঐতিহ্যগুলির একটি হয়ে উঠছে, এটি পুরো স্টেটের বহু বৈচিত্র্যময়, উদ্ভাবনী, আকর্ষণীয় কৃষি ও খাদ্য ব্যবসার উপর একটি স্পটলাইট ফেলে সেগুলিকে আলোকিত করছে। আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি গ্রো-NY প্রতিযোগিতার প্রতি তার অব্যাহত সমর্থনের জন্য এবং এই বছরের সকল বিজয়ী ও অংশগ্রহণকারীদের আমার অভিনন্দন প্রেরণ করছি। আমি আপনাদেরকে ভবিষ্যতের প্রযুক্তি ও কর্মসংস্থান সৃষ্টি করতে এবং একই সাথে আমাদের স্থানীয় খামারিদের একটি উদ্দীপনা প্রদান করতে দেখতে উন্মুখ।"

<u>অন্যান্য বিজয়ীদের মধ্যে রয়েছে:</u>

500,000 মার্কিন ডলার বিজয়ী: - ক্র্যাফট ক্যানারি (Craft Cannery) (বার্গেন, NY) - ক্র্যাফট ক্যানারি আপনার রান্নাঘরের অতি প্রিয় রেসিপি নিয়ে মুদি দোকানের তাকে, রেস্টুরেন্ট, ফার্মার্স মার্কেট এবং এর বাইরেও নিয়ে যায়, এদের বিশেষত্ব সস, ড্রেসিং, ম্যারিনেড এবং আরো অনেক কিছুর চুক্তিভিত্তিক উৎপাদন।

500,000 মার্কিন ডলার বিজয়ী: হেম্পিটেকচার (Hempitecture), (কেটচ্যাম, ID) - হেম্পিটেকচারের মিশন হলো স্বাস্থ্যকর, শক্তি দক্ষ ভবনের উপাদান তৈরি করা যা কার্বন ডাই অক্সাইড ধারণ করে এবং কৃষি জমিকে পুনরায় পুষ্টিপূর্ণ করে মানুষ ও গ্রহকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে। এর বায়োভিত্তিক ইন্স্যুলেশন নির্মাণ প্রকল্পসমূহকে আরো টেকসই, স্বাস্থ্যকর, এবং উচ্চতর কর্মদক্ষতা অর্জন করতে দেয়।

250,000 মার্কিন ডলার বিজয়ী: ল্যাবি (Labby), (ক্যামব্রিজ, MA) - ল্যাবির প্রযুক্তি দুগ্ধজাত খামারের জন্য দ্রুত, সঠিক, এবং সাশ্রয়ী সমাধান প্রদান করে, এটি AI-সক্রিয় অপটিক্যাল সেন্সিং ব্যবহার করে কাঁচা দুধের পরীক্ষা করে যা আমার আঙুলের ডগায় তাৎক্ষণিক পরিজ্ঞান প্রদান করে।

250,000 মার্কিন ডলার বিজয়ী: সুইট পি উদ্ভিদভিত্তিক রান্নাঘর (Sweet Pea Plant-Based Kitchen), (রচেস্টার, NY) - সুইট পি একটি উদ্ভিদ ক্ষমতায়িত রান্নাঘর যা সুস্থতার রূপান্তরকারী পথ তৈরি করে, এর উদ্ভিদ কেন্দ্রিক খাদ্য প্রদানের সেবা এবং পুষ্টি কোচিংয়ের সম্মিলনে যা মানুষকে একটি স্বাস্থ্যকর জীবনযাপনে সাহায্য করে।

250,000 মার্কিন ডলার বিজয়ী: ভিভিড মেশিনস (Vivid Machines), (টরেন্টো, কানাডা) - ভিভিড এক্স-ভিশন ব্যবস্থা একটি সম্পূর্ণ ফলনের প্রতিটি গাছের দৃশ্যমান ও রাসায়নিক বিস্তারিত সংগ্রহ করে চারা থেকে শুরু করে ফসল উত্তোলন পর্যন্ত যাতে বৃদ্ধি ব্যবস্থাপনা করা যায় এবং কত ফসল উঠানো যাবে তা অনুমান করা যায়, এবং পোকামাকড়, রোগ ও পুষ্টি ঘাটতি দ্রুত নির্ণয় করতে পারার একটি পন্থা প্রদান করে।

250,000 মার্কিন ডলার বিজয়ী: জ্যালিয়েন্ট (Zalliant), (আমস্টারডাম, NY), জ্যালিয়েন্টের ইন্টারনেট অফ থিংস এবং কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি উন্নত সিদ্ধান্ত গ্রহণ এবং ব্যবস্থাপনার মাধ্যমে খামারিদের মূল্য ও কার্যকারিতা প্রদান করে।

প্রতিযোগিতাটি এছাড়াও একটি "দর্শকদের পছন্দ" পুরস্কার প্রদান করে সেই স্টার্টআপের জন্য যা জনগণের দ্বারা সবথেকে আলাদা এবং প্রতিশ্রুতিশীল পিচ হিসেবে ভোট পাবে। নিউ ইয়র্কের ওডেসার সেনেকা ফার্মস বায়োক্যার (Seneca Farms Biochar) 10,000 মার্কিন ডলার পুরস্কার পেয়েছে যা ওয়েগম্যান্স স্পন্সর করেছে।

<u>গ্রো-NY বিচারকেরা নিম্নলিখিত নির্ণায়কের ভিত্তিতে পুরস্কারের সিদ্ধান্ত গ্রহণ করেছে:</u>

- স্টার্টআপ ব্যবসা মডেলের বাস্তবোপযোগিতা
- স্টার্টআপ দলের বৈচিত্র্য, গুণমান, প্রস্তুতি, এবং সম্পূর্ণতা
- স্টার্টআপ গ্রাহকদের যেই মূল্য প্রদান করবে
- স্টার্টআপের উদ্ভাবন করা কৃষিখাদ্য উদ্ভাবনা।

স্টার্টআপটি অঞ্চলে যে চাকরি বৃদ্ধি ও সুযোগের সম্ভাবনা আনতে পারবে

অতীতের গ্রো-NY বিজয়ীরা অর্থ উত্তোলন, সম্প্রসারণ এবং সমৃদ্ধি করা অব্যাহত রেখেছে। রিয়েলইটস, প্রথম বছরের শীর্ষ পুরস্কার বিজয়ী, 20 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অতিরিক্ত তহবিল উঠিয়েছে এবং GNC-র সাথে একটি অংশীদারিত্বে প্রবেশ করেছে। সম্প্রতি তারা নিউ ইয়র্কের জেনেভাতে একটি 80,000 বর্গফুট উৎপাদন কারখানা খুলেছে। সোফ্রেশ, প্রথম বছরের আরেক বিজয়ী, 3.3 মিলিয়ন মার্কিন ডলার তৈরি করেছে নতুন খাদ্য বাজারে সম্প্রসারণ করার জন্য। তৃতীয় বছরের প্রথম পুরস্কার বিজয়ী এভরি বডি ইট দেশব্যাপী হোল ফুড মার্কেটের দোকানগুলিতে নিজের স্থান করে নিয়েছে। অন্যান্য বিজয়ীরা তাদের গ্রাহক ভিত্তি সম্প্রসারিত করেছে, কৌশলী অংশীদারিত্ব করেছে এবং তহবিল নিশ্চিত করা অব্যাহত রেখেছে।

গ্রো-NY কর্মসূচির পরিচালক জেন স্মিথ বলেন, "গ্রো-NY ফাইনালিস্ট এবং বিজয়ীরা সকল দিক দিয়ে আমাদের প্রত্যাশা ছাড়িয়ে যাচ্ছে, সফলভাবে অঞ্চলের শক্তি ব্যবহার করে নিজেদের ভেঞ্চার স্কেল করছে, কর্মসংস্থান সৃষ্টি করছে, বিনিয়োগ আকৃষ্ট করছে, এবং বৈশ্বিক কৃষিখাদ্য নেতা হিসেবে নিউ ইয়র্কের ভূমিকা জোরদার করছে। আমি এই বছরের কোহর্টকে আমার সর্বাধিক উৎসাহী অভিনন্দন জানাচ্ছি।"

সকল বিজয়ীকে গ্রো-NY অঞ্চলে একটি ইতিবাচক অর্থনৈতিক প্রভাব তৈরির জন্য আবশ্যিকভাবে কাজ করতে হবে, যা 22টি কাউন্টি দ্বারা গঠিত যেগুলি প্রাণবন্ত কৃষিজমি, প্রতুল মিঠাপানি, একাধিক উদীয়মান শহরের বাড়ি, যেমন রচেস্টার, সিরাকিউজ, ইথাকা, জেনেভা এবং বিংহ্যামটন। বিজয়ী ব্যবসাগুলি চাকরির বিকাশকে পালন করবে, স্থানীয় শিল্পখাতের অংশীদারদের সাথে সংযুক্ত করবে, এবং একটি সমৃদ্ধ অর্থনীতিতে অবদান রাখবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "গ্রো-NY বিজয়ীদের, এবং এই অনন্য কৃষিভিত্তিক ব্যবসা প্রতিযোগিতার চতুর্থ রাউন্ডে অংশগ্রহণকারী সকলকে অভিনন্দন। আমি গ্রো-NY এর সমর্থনে নিউ ইয়র্ক স্টেটের ভূমিকা নিয়ে গর্বিত, কারণ এই স্টার্টআপগুলি উদ্যোক্তা ইকোসিস্টেম গঠন এবং ফিঙ্গার লেকস, সেন্ট্রাল এবং সাউদার্ন টিয়ার অঞ্চলের সমৃদ্ধ খামার ও

কৃষি এলাকাগুলিজুড়ে উদ্ভাবনী অর্থনৈতিক উদ্দীপিত করা অব্যাহত রাখবে।

সেন্ট্রাল নিউ ইয়র্ক আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Central New York Regional Economic Development Council) সহপ্রধান সেন্ট্রাল নিউ ইয়র্কের ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের (Manufacturers Association of Central New York) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা র‍্যান্ডি উলকেন এবং লা ময়েন কলেজের (Le Moyne College) প্রেসিডেন্ট লিন্ডা এম. লেমুরা বলেন, "আমরা আজকের সকল বিজয়ী এবং এই বছর ডাউনটাউন সিরাকিউজে অনুষ্ঠিত গ্রো-NY প্রতিযোগিতার চতুর্থ রাউন্ডের অংশ সকলকে অনেক অভিনন্দন জানাচ্ছি। নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও খাদ্য শিল্পে অভূতপূর্ব সমৃদ্ধি অব্যাহত রয়েছে। গ্রো-NY প্রতিযোগিতাটি আমাদের সম্প্রদায়ের আরেকটি আকর্ষণীয় বিনিয়োগের প্রতিনিধি যা আঞ্চলিক কর্মসংস্থানের বিকাশকে আরো বলীয়ান করবে এবং পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কে আমাদের কৃষি ভিত্তিকে আরো সমর্থন করবে যা অঞ্চলের উন্নয়ন অব্যাহত রাখা নিশ্চিত করবে।"

ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক বিকাশের (Finger Lakes Regional Economic Development) সহপ্রধান, গ্রেটার রচেস্টার চেম্বার অফ কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা বব ডাফি এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) জেনেসোর (Geneseo) প্রেসিডেন্ট ডাঃ ডেনিস ব্যাটলস বলেন, "যারা এই উদ্ভাবনী প্রতিযোগিতার চতুর্থ রাউন্ডে অংশগ্রহণ করেছে তাদের সকলকে নিয়ে আমরা অত্যন্ত গর্বিত। স্টেটের কৃষি ও খাদ্য শিল্প বিকাশে আঞ্চলিক কাউন্সিলের তীক্ষ্ণ মনোযোগ রয়েছে। গ্রো-NY প্রতিযোগিতায় আমাদের অব্যাহত বিনিয়োগ স্থানীয় শিল্পখাতের অংশীদারদেরকে এই উদ্যোক্তাদের অত্যাধুনিক ধারণার সাথে সংযুক্ত করতে কাজ করছে, একটি সমৃদ্ধশালী আঞ্চলিক অর্থনীতি গঠনে আমাদের বহুমাত্রিক পন্থাকে আরো সমর্থন করছে।"

স**াউদার্ন টিয়ার আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Southern Tier Regional Economic Development Council) সহপ্রধান, অর্থনৈতিক বিকাশের স্কাইলার কাউন্টি অংশীদারিত্বের (Schuyler County Partnership for Economic Development) নির্বাহী পরিচালক জুডি ম্যাককিনি চেরি এবং SUNY ব্রুম কমিউনিটি কলেজের (SUNY Broome Community College) প্রেসিডেন্ট ডাঃ কেভিন ড্রাম বলেন,** "আমরা বিজয়ী দলগুলিকে এবং গ্রো-NY চতুর্থ রাউন্ডের সকল প্রতিযোগীকে আমাদের আন্তরিক অভিনন্দন জানাতে চাই। উদ্ভাবন এবং উদ্যোক্তা আমাদের অর্থনৈতিক ভবিষ্যতের চাবিকাঠি। নিউ ইয়র্কের কৃষি শিল্প বিশ্বের অন্যতম বৈচিত্র্যময় ও মর্যাদাপূর্ণ এবং এই উদ্যোগটি নিউ ইয়র্ককে অন্যান্য স্টেটগুলি থেকে পৃথক করেছে, নিঃসন্দেহে আমাদের অঞ্চলগুলিতে অর্থনৈতিক সাফল্য বাড়িয়ে দেওয়া উচিত।"

গ্রো-NY প্রতিযোগিতার ব্যাপারে আরো জানতে ভিজিট করুন https://www.grow-ny.com।

কর্নেল ইউনিভার্সিটির সেন্টার ফর রিজিওনাল ইকোনোমিক অ্যাডভান্সমেন্টের ব্যাপারে আরো জানতে ভিজিট করুন: https://crea.cornell.edu

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরও তথ্য এখানে উপলভ্য।

CNY রাইজিং ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "CNY রাইজিং" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সম্প্রদায়ের বিকাশের জন্য অঞ্চলের বিস্তারিত রূপরেখা। অঞ্চলিকভাবে তৈরি পরিকল্পনাটি বৈশ্বিক বাজারের সুযোগগুলির সুবিধা নেয়, শিল্পোদ্যোগ প্রচেষ্টা শক্তিশালী করে এবং একটি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি সৃষ্টি করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে উপলভ্য।

সাউদার্ন টিয়ার সোরিং ক্রমবর্ধমান

আজকের ঘোষণার সম্পূরক সাউদার্ন টিয়ার সোরিং এই এলাকায় অনেক অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে নকশাকৃত পরিকল্পনাটি একটি প্রতিভাবান কর্মীদল, ক্রমবর্ধমান ব্যবসা এবং উদ্ভাবন আকর্ষণের দিকে ফোকাস করে। বর্তমানে, অঞ্চলটি আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের (Upstate Revitalization Initiative) মাধ্যমে সাউদার্ন টিয়ার সোরিংকে 500 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ দিয়ে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ বেসরকারি ব্যবসাগুলিকে 2.5 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করতে প্রণোদিত করবে - এবং এই অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী অনুমিত হচ্ছে যে 10,200টি নতুন কর্মসংস্থান হবে। আরও তথ্য এখানে উপলভ্য।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) হচ্ছে নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং

ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ নিউ ইয়র্ক" এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418